দৈনিক জনকণ্ঠ

তারিখ 08 JAN 2007
পৃষ্ঠা ১২ কলাম ৪

# রাজধানীর ৮ সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের ভর্তি পরীক্ষার তারিখ পরিবর্তন

ঢাকা মহানগরীর ২৪টি সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের মধ্যে বি-গ্রুপের অন্তর্ভুক্ত ৮টি বিদ্যালয়ের ৯ জানুয়ারি অনুষ্ঠিতব্য ভর্তি পরীক্ষা অনিবার্য কারণবশত ১২ জানুয়ারি শুক্রবার পূর্বনির্ধারিত সময়সূচী মোতাবেক অনুষ্ঠিত হবে।

বি-গ্রুপভুক্ত বিদ্যালয়সমূহ হচ্ছে মতিঝিল সরকারী বালিকা বিদ্যালয়, নারিন্দা সরকারী উচ্চ বিদ্যালয়, গবঃ মুসলিম হাইস্কুল, বাংলাবাজার সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর সরকারী বালক উচ্চ বিদ্যালয়, সরকারী বিজ্ঞান কলেজ সংযুক্ত হাইস্কুল, ধানমণ্ডি সরকারী বালিকা উচ্চ বিদ্যালয় এবং ধানমণ্ডি কামরুন্নেছা সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়।

## জাতীয় ভার্সিটির পরীক্ষা স্থগিত

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ৮ জানুয়ারি অনুষ্ঠিতব্য ২০০৫ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষা ও ২০০৬ সালের এমবিএম ২য় বর্ষের ৬ষ্ঠ টার্ম পরীক্ষা এবং ৯ জানুয়ারি অনুষ্ঠিতব্য ২০০৫ সালের অনার্স পার্ট-৩, ২০০৬ সালের এমবিএম ১ম বর্ষের তৃতীয় টার্ম এবং ২০০৩ সালের এমএসসি ইন কম্পিউটার সায়েন্স পরীক্ষা অনিবার্য কারণবশত স্থগিত করা হয়েছে। স্থগিতকৃত এসব পরীক্ষার সময়সূচী পরবর্তীতে জানানো হবে। এ ছাড়া এসব পরীক্ষার পূর্বঘোষিত অন্যান্য কর্মসূচী অপরিবর্তিত থাকবে।— তথ্য বিবরণী।